গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮-৪৮৫ তারিখঃ ৭ -০৩-২০১৮

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৬-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারী/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬-০২-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জানুয়ারী/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মার্চ, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি(e-mail: neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

০৭.০৩.২০১৮

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি, রংপুর।
৭। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৬-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারী/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান	:	সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময়	:	সকাল ০৯.৩০ ঘটিকা।
তারিখ	:	২৬ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-‘ক’ ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয়-১: ২৯-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৯-০১-২০১৮ তারিখে ডিসেম্বর ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.১	২৯-০১-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)

২। আলোচ্য বিষয়-২.১: কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানান হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ২৬৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং জানুয়ারী, ২০১৮ পর্যন্ত সর্বমোট ২০৫.৮৩ লক্ষ টাকা অর্থ ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৩৮.৮৪%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ ৪১.৯০ লক্ষ টাকা ছাড় করা হয় এবং জানুয়ারী, ২০১৮ পর্যন্ত সর্বমোট ৩৩.৭৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৪০.২৫%। ইতোমধ্যে প্রকল্পের ৩য় কিস্তি অর্থ ছাড়ের প্রস্তাব করা হয়েছে এবং কর্মসূচি ০২টির ৩য় কিস্তি অর্থ ছাড় করা হয়েছে। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে আরো বেশী গতিশীল হওয়ার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

২.১ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সমন্বিত মান সম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ) (সমাপ্ত) এবং “সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)” (ডিএএম অংগ) প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য অডিট অধিদপ্তরে যোগাযোগ করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়।

২.২: “সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)” প্রকল্পের আওতায় চলমান এসেম্বল সেন্টার নির্মাণ কাজ শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর দ্রুত শেষ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ ও সাইন্স ল্যাবরেটরী হতে প্রাপ্ত প্যাটেন্ট হতে সহজলভ্য এবং সম্প্রসারণযোগ্য প্যাটেন্ট সংগ্রহ/ক্রয় করে মাঠ পর্যায়ে